



# একুশ গেলো কার বাড়ী

কাইউম পারভেজ



একুশ একুশ ডাক পাড়ি  
একুশ গেলো কার বাড়ী?  
উর্দু-হিন্দীর ছড়াছড়ি  
বাংলাদেশের টিভি-র বাড়ী ।

কার্টুন গুলোও হিন্দীতে  
সিরিয়ালের নেইকো শেষ  
শিশু কিশোর হিন্দী দিয়ে  
বাংলা এখন বলছে বেশ ।



দেশ বিদেশে বিয়ের দিনে  
বাংলা গানের খবর নেই  
হিন্দী গানেই নাচানাচি  
ভিডিও-তেও হিন্দী সেই ।

আন্তর্জাতিক মাতৃভাষা  
দিবস একটা আছে লেখা  
দেশ বিদেশে কোথাও কোন  
প্রতিফলন যায় না দেখা ।

একুশ কেবল মিনারেতে  
ভাষণ নয় কাব্য গানে  
নিজ্কে নিজেই প্রশ্ন করি  
একুশ রয় কি আমার প্রাণে?

